

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫৩.১৯/৪২৫০/৫

তারিখ: ২৭/০৬/১৪২৬ বঙ্গাব্দ  
০২/১০/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: মাগুরা জেলার সদর উপজেলাধীন শত্রুজিৎপুর কলেজে স্নাতক শাখায় নিয়োগকৃত অফিস সহায়ক জনাব মো: সেলিম শিকদার এর এমপিওভুক্তি।

সূত্র: কলেজের স্মারক নং-শক-সমন্বিত(এমপিও) ০১/২০১৯, তারিখ: ২১-০৪-২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সদর উপজেলাধীন শত্রুজিৎপুর কলেজে স্নাতক শাখায় নিয়োগকৃত অফিস সহায়ক জনাব মো: সেলিম শিকদার কে উচ্চ মাধ্যমিক শাখার শূণ্যপদে(সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী) সমন্বয় করার সিদ্ধান্ত গ্রহণ করেন। বর্তমানে উচ্চমাধ্যমিক শাখায় ০৪(চার) জন অফিস সহায়ক এমপিওভুক্ত আছে। সর্বশেষ জনবল কাঠামো মোতাবেক ৫ জন অফিস সহায়ক এর প্রাপ্যতা থাকায় বর্ণিত ৪র্থ শ্রেণির কর্মচারীর এমপিওভুক্তির জন্য অধ্যক্ষ আবেদন করেন।

কলেজটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত প্রতিষ্ঠান বিধায় জনবল কাঠামো অনুযায়ী ৪ জন ৪র্থ শ্রেণির কর্মচারীর এমপিওভুক্তির প্রাপ্যতা আছে। বর্তমানে কলেজটিতে ৪ জন ৪র্থ শ্রেণির কর্মচারী এমপিওভুক্ত আছে। চলমান জনবল কাঠামো-২০১৮ এর (ঘ) ধারা অনুযায়ী বৃদ্ধিকৃত পদের জন্য সরকার পৃথক আদেশ জারি না করা পর্যন্ত বৃদ্ধিকৃত ৪র্থ শ্রেণির কর্মচারী পদে এমপিওভুক্তির সুযোগ নাই।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

ACW ৪৬০২/১০.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

শত্রুজিৎপুর কলেজ, সদর, মাগুরা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, শত্রুজিৎপুর কলেজ, সদর, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, সদর, মাগুরা।
- ৫। জনাব মো: সেলিম শিকদার, অফিস সহায়ক, শত্রুজিৎপুর কলেজ, সদর, মাগুরা।
- ৬। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫৩.১৯/৪২৪৪/৬

তারিখ: ২৭/০৬/১৪২৬ বঙ্গাব্দ  
০২/১০/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: মাগুরা জেলার সদর উপজেলাধীন শত্রুজিৎপুর কলেজের জনাব সুলতানা খালেদা খানমের বকেয়া বেতন ভাতা প্রদান।

সূত্র: কলেজের স্মারক নং-শক-(ব.বে) বিশেষ ০১/২০১৯, তারিখ: ১৮-০৩-২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার সদর উপজেলাধীন শত্রুজিৎপুর কলেজের জনাব সুলতানা খালেদা খানম বকেয়া বেতনভাতা প্রাপ্তির জন্য রিট পিটিশন নং-২৪৬৮/২০১১ দায়ের করেন। মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক বকেয়া বেতনভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ আবেদন করেন।

আইন উপদেষ্টার মতামত: মাগুরা জেলার সদর উপজেলাধীন শত্রুজিৎপুর কলেজের প্রভাষক(হিসাববিজ্ঞান) জনাব সুলতানা খালেদা খানম এর সাথে সংশ্লিষ্ট কলেজের ম্যানেজিং কমিটির অভ্যন্তরীণ দন্ডের কারণে বেতন ভাতা(এমপিও) নির্দিষ্ট সময়ের জন্য স্থগিত রাখা হয়। ফলে তার নামে বরাদ্দকৃত টাকা সরকারি কোষাগারে ফেরৎ আসে। বর্ণিত প্রভাষক এর বেতন ভাতা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বন্ধ করা হয়নি। এই কারণে জনবল কাঠামো বিধি অনুসারে কলেজ কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের ফান্ড থেকে তাঁকে এই বকেয়া বেতন ভাতা প্রদান করা প্রয়োজন। ইতোমধ্যে প্রভাষক (হিসাববিজ্ঞান) জনাব সুলতানা খালেদা খানম বকেয়া বেতন ভাতার দাবি করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৪৬৮/২০১১ দায়ের করেন। উক্ত রিট পিটিশন মহামান্য আদালত Rule Absolute করে রায় ও আদেশ প্রদান করেন। রায়ের বিবাদীগণ (কলেজ কর্তৃপক্ষসহ) কে ৪৭ (সাতচল্লিশ) মাসের বকেয়া বেতনভাতা প্রদানের জন্য আদেশ প্রদান করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ আপিল নং-৩৭৪৯/২০১৬ দায়ের করেন। আপিল খারিজ হয়। জনাব সুলতানা খালেদা খানম এর বেতন ভাতা সরকার কর্তৃক করা হয়নি। তাই কলেজ কর্তৃপক্ষ বকেয়া বেতন ভাতা প্রদান করবে।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

০২.১০.১৯

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

শত্রুজিৎপুর কলেজ, সদর, মাগুরা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, শত্রুজিৎপুর কলেজ, সদর, মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, সদর, মাগুরা।
- ৫। জনাব সুলতানা খালেদা খানম, প্রভাষক(হিসাববিজ্ঞান), শত্রুজিৎপুর কলেজ, সদর, মাগুরা।
- ৬। সংরক্ষণ নথি।